বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)
প্রধান কার্যালয়
বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া-৩৪০০

'গ্যাস জাতীয় সম্পদ। এর অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন'

'জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার'

সূত্র নং- ২৮.১০.০০০২.০১৭.০২.০০১.১৬

তারিখঃ ১৫ সেপ্টেম্বর, ২০১৬

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড(বিজিএফসিএল)-এ নিম্নবর্ণিত শূন্য পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত শর্ত পূরণ সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল-২০১৫	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	সহকারী ব্যবস্থাপক(সাধারণ/নিরাপত্তা)	১৮	টাঃ ২৩০০০-৫৫৪৭০	প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তরসহ সম্মানে দ্বিতীয় শ্রেণি অথবা ৪ বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণির স্নাতক সম্মান ডিগ্রী। পরীক্ষাসমূহে ন্যূনতম ২(দুই)টি প্রথম বিভাগ/শ্রেণি/ সমমান থাকতে হবে এবং কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/ সমমান গ্রহণযোগ্য নয়।
২	সহকারী ব্যবস্থাপক (হিসাব/নিরীক্ষা)	৮	টাঃ ২৩০০০-৫৫৪৭০	বাণিজ্যিক বিষয়ে প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তরসহ সম্মানে দ্বিতীয় শ্রেণি/ সিএ অথবা আইসিএমএ (ইন্টারমিডিয়েট)/ এমবিএ। পরীক্ষাসমূহে ন্যূনতম ২(দুই)টি প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে এবং কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য নয়।
৩	সহকারী ব্যবস্থাপক(মেকানিক্যাল)	৭	টাঃ ২৩০০০-৫৫৪৭০	সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। পরীক্ষাসমূহে ন্যূনতম ২(দুই)টি প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে এবং কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য নয়।
৪	সহকারী ব্যবস্থাপক(কেমিক্যাল)	৩	টাঃ ২৩০০০-৫৫৪৭০	
৫	সহকারী ব্যবস্থাপক(ইলেকট্রিক্যাল)	৩	টাঃ ২৩০০০-৫৫৪৭০	
৬	সহকারী ব্যবস্থাপক(পেট্রোলিয়াম)	২	টাঃ ২৩০০০-৫৫৪৭০	
৭	সহকারী ব্যবস্থাপক(সিভিল)	২	টাঃ ২৩০০০-৫৫৪৭০	
৮	সহকারী ব্যবস্থাপক(কম্পিউটার সায়েন্স)	১	টাঃ ২৩০০০-৫৫৪৭০	
৯	সহকারী ব্যবস্থাপক(টেলিকম)	১	টাঃ ২৩০০০-৫৫৪৭০	
১০	সহকারী ব্যবস্থাপক(ভূতত্ত্ব)	২	টাঃ ২৩০০০-৫৫৪৭০	সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তরসহ সম্মানে দ্বিতীয় শ্রেণি অথবা ৪ বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণির স্নাতক সম্মান ডিগ্রী। পরীক্ষাসমূহে ন্যূনতম ২(দুই)টি প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে এবং কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য নয়।
১১	সহকারী ব্যবস্থাপক(রসায়ন)	২	টাঃ ২৩০০০-৫৫৪৭০	সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তরসহ সম্মানে দ্বিতীয় শ্রেণি অথবা ৪ বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণির স্নাতক সম্মান ডিগ্রী। পরীক্ষাসমূহে ন্যূনতম ২(দুই)টি প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে এবং কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য নয়।
১২	মেডিকেল অফিসার	২	টাঃ ২৩০০০-৫৫৪৭০	এমবিবিএস ডিগ্রী। পরীক্ষাসমূহে ন্যূনতম ২(দুই)টি প্রথম বিভাগ/ শ্রেণি/সমমান থাকতে হবে এবং কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/ সমমান গ্রহণযোগ্য নয়।
১৩	সহকারী কর্মকর্তা(সাধারণ/নিরাপত্তা)	১০	টাঃ ২২০০০-৫৩০৬০	স্নাতকোত্তর অথবা প্রশাসনিক ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রী। পরীক্ষাসমূহে ন্যূনতম ২(দুই)টি প্রথম বিভাগ/শ্রেণি/ সমমান থাকতে হবে এবং কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/ সমমান গ্রহণযোগ্য নয়।
১৪	সহকারী কর্মকর্তা(হিসাব/নিরীক্ষা)	৬	টাঃ ২২০০০-৫৩০৬০	বাণিজ্যিক বিষয়ে স্নাতকোত্তর অথবা সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতাসহ বিকম। পরীক্ষাসমূহে ন্যূনতম ২(দুই)টি প্রথম বিভাগ/শ্রেণি/ সমমান থাকতে হবে এবং কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য নয়।
১৫	সহকারী কারিগরী কর্মকর্তা (মেকানিক্যাল)	৮	টাঃ ২২০০০-৫৩০৬০	সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। পরীক্ষাসমূহে ন্যূনতম ২(দুই)টি প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে এবং কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য নয়।
১৬	সহকারী কারিগরী কর্মকর্তা(কেমিক্যাল)	৩	টাঃ ২২০০০-৫৩০৬০	
১৭	সহকারী কারিগরী কর্মকর্তা(ইলেকট্রিক্যাল)	২	টাঃ ২২০০০-৫৩০৬০	
১৮	সহকারী কারিগরী কর্মকর্তা(সিভিল)	১	টাঃ ২২০০০-৫৩০৬০	
১৯	সহকারী কারিগরী কর্মকর্তা(পাওয়ার)	২	টাঃ ২২০০০-৫৩০৬০	
২০	সহকারী কারিগরী কর্মকর্তা(আর্কিটেকচার)	১	টাঃ ২২০০০-৫৩০৬০	

EDUCATIONNEWSBD24.COM

শর্তাবলীঃ

১। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলীঃ

ক। এই বিজ্ঞপ্তির অধীনে আগ্রহী প্রার্থীগণকে online-এ আবেদন করতে হবে। সে লক্ষ্যে http://bgfcl.teletalk.com.bd ওয়েব সাইটে লগ-ইন করলে একটি লিংক পাওয়া যাবে। ঐ লিংকে প্রবেশ করে সংশ্লিষ্ট নির্দেশনা মোতাবেক online-এ আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

(১) Online -এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখঃ ০৩-১০-২০১৬ সকাল ১০.০০ ঘটিকা।
(২) Online -এ আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখঃ ২৩-১০-২০১৬ বিকাল ৫.০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ। Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel, File size maximum 60 kb) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel, File size maximum 100 kb) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ। যেহেতু online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃ পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ। প্রার্থী online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ** online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মত ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদপত্র Submit কারী প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। সকল পদের জন্য ৭০০/- (সাতশত) টাকা জমা করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, " **online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।**"

প্রথম SMS: BGFCL<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

দ্বিতীয় SMS: BGFCL<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে। দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS এর Password পাবেন। এই Password টি Admit Card (প্রবেশ পত্র) Download-এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন।

চ। প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি http://bgfcl.teletalk.com.bd ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ। SMS -এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময়, ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশ পত্র প্রার্থী Downloadপূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করার মাধ্যমে সংগ্রহ করতে পারবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহনের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন। Admit card (প্রবেশ পত্র) Download এর তারিখ পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে।

জ। শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেনঃ

(১) User ID জানা থাকলে BGFCL<space>Help<space>User<space>User ID & Send to 16222. (Example: BGFCL Help User ABCDEF & Send to 16222)

(২) PIN Number জানা থাকলে BGFCL<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222. (Example: BGFCL Help PIN 12345678 & Send to 16222)

২। লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS এর মাধ্যমে ও BGFCL এর ওয়েব সাইট- এর মাধ্যমে জানানো হবে।

৩। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় আবেদন ফরমে বর্ণিত সকল তথ্যের স্বপক্ষে দলিলাদি/মূল সনদপত্র উপস্থাপন করতে হবে।

৪। আবেদনের শেষ তারিখ অর্থাৎ ২৩-১০-২০১৬ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৫। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র প্রদর্শন করতে হবে।

৬। এ নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সকল প্রকার কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

৭। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৮। কোন প্রার্থী নিয়োগ লাভের পর তাঁর প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১০। নির্বাচিত প্রার্থীদের কোম্পানীর বিভিন্ন ফিল্ড/প্রকল্প সাইটে পোস্টিং প্রদান করা হতে পারে এবং যারা এরূপ অঞ্চলে চাকুরী করতে আগ্রহী নন তাঁদের আবেদন করার প্রয়োজন নেই।

১১। লিখিত ও মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫।০৯

(মোঃ নাকিবুজ্জামান তালুকদার)
মহাব্যবস্থাপক(প্রশাসন)